# রহনপুর পৌরসভার ফেব্রুয়ারী/২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি- জনাবা নিশাত আনজুম অনন্যা
প্রশাসক
রহনপুর পৌরসভা
চাঁপাইনবাবগঞ্জ।

স্থান - পৌর ভবন সম্মেলন কক্ষ।
তাং- ২৬/০২/২০২৫খ্রি.
রোজ ঃ বুধবার
সময় ঃ সকাল- ১০.৩০ ঘটিকা

**সম্মানিত প্রশাসক মহোদয়ের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য নিয়োজিত সদস্য গণের উপস্থিতি স্বাক্ষর নামা**

| ক্র ঃ নং | সদস্যগণের নাম ও পদবী | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|
| ১। | ডাঃ মোঃ আব্দুল হামিদ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ও সদস্য, পৌর কর্মসম্পাদন কমিটি, রহনপুর পৌরসভা। | স্বাক্ষরিত |
| ২। | খায়রুল বাসার<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>গোমস্তাপুর থানা, চাঁপাইনবাবগঞ্জ ও সদস্য, পৌর কর্মসম্পাদন কমিটি, রহনপুর পৌরসভা। | স্বাক্ষরিত |
| ৩। | মোঃ আছহাবুর রহমান<br>উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ, ও সদস্য, পৌর কর্মসম্পাদন কমিটি, রহনপুর পৌরসভা। | স্বাক্ষরিত |
| ৪। | মোঃ সোহেল রানা<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ও সদস্য, পৌর কর্মসম্পাদন কমিটি, রহনপুর পৌরসভা। | স্বাক্ষরিত |
| ৫। | মোঃ পারভেজ<br>উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ও সদস্য, পৌর কর্মসম্পাদন কমিটি, রহনপুর পৌরসভা। | স্বাক্ষরিত |
| ৬। | মোঃ ইসাহাক আলী<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ও সদস্য, পৌর কর্মসম্পাদন কমিটি, রহনপুর পৌরসভা। | স্বাক্ষরিত |

আহুত সভা জনাবা নিশাত আনজুম অনন্যা, প্রশাসক, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সবাই কে সালাম ও স্বাগত জানান। অতঃপর পৌরসভায় কর্মরত কর্মচারী মোঃ রেজাউল করিম এর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা/কার্যপদ্ধতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন | গত সভার কার্যবিবরণী পাঠান্তে বিরুপ কোন মন্তব্য না থাকলে অনুমোদন দেয়া যেতে পারে। | কার্যবিবরণী পাঠান্তে বিরুপ কোন মন্তব্য না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা |
| ২ | শাখা ওয়ারী আলোচনা<br>ক) সাধারণ শাখা | অফিস ব্যবস্থাপনাঃ সাধারণ শাখার কার্যক্রম আরোও আধুনিক ও গতিশীল করার পদক্ষেপ নেয়া যেতে পারে। | সাধারণ শাখার কার্যক্রম আরও আধুনিক ও গতিশীল করার জন্য কর্মচারী প্রশিক্ষণের পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা |
| ৩ | খ) হিসাব শাখা | গত জানুয়ারী/২৫ মাসের রাজস্ব খাতের আয় ও ব্যয়ের হিসাব মাসিক সভায় উপস্থাপন করতঃ অনুমোদন করা যেতে পারে। | আয় ও ব্যয়ের হিসাব (জানুয়ারী/২৫) বিল ভাউচার যাচাই অন্তে ও পর্যালোচনায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় (পরিশিষ্ট'ক') | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। হিসাবরক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | গ) কর নিরুপণ শাখা ও আদায় শাখা | বকেয়া হোল্ডিং কর আদায়ের ব্যাপারে আলোচনা ও অন্তবর্তীকালীন পৌর কর নির্ধারণের ব্যাপারে বাস্তব পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | বকেয়া হোল্ডিং কর আদায়ে সার্বিক ব্যবস্থা গ্রহণ করতঃ প্রয়োজনে ক্রোকের মাধ্যমে আদায় করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। কর আদায়কারী |
| ৫ | ঘ) ট্রেড লাইসেন্স শাখা | ত্রৈমাসিক ট্রেড লাইসেন্স নতুন ও নবায়ন এর সংখ্যা, দাবী ও আদায় ও নতুন ঠিকাদারী লাইসেন্স সংখ্যা ও নবায়ন এর পূর্ণাঙ্গ তথ্য উপস্থাপন করতঃ অনুমোদন নেয়া যেতে পারে। | ট্রেড লাইসেন্স এর পূর্ণাঙ্গ তালিকা করতঃ বকেয়া ফি আদায় ও ট্রেড লাইসেন্স নতুন ও নবায়নের জন্য ব্যবসায়ীগণকে সরজমিন তদন্ত সহ পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। লাইসেন্স পরিঃ |
| ৬ | ঙ) পরিষ্কার-পরিচ্ছন্ন শাখা | বর্তমান সময়ে মশক ও ডেঙ্গু সংক্রমন বৃদ্ধি পাওয়ায় ০৯টি ওয়ার্ডে মশক নিধন কার্যক্রম চালানোর অনুমোদন নেওয়া যেতে পারে। | ঢাকা সহ সারাদেশে ডেঙ্গু সংক্রমন বিস্তার হওয়ায় পৌর এলাকার ০৯টি ওয়ার্ডে মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য ০১(এক) ড্রাম মশক ওষুধ ক্রয় করা ও পূর্বের বকেয়া বিল পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। কনঃ ইন্সপেক্টর |
| ৭ | চ) স্বাস্থ্য ও প.প. শাখা | ০-৪৫দিনের মধ্যে বাচ্চাদের নিবন্ধান লক্ষ্যমাত্রা পুরণ না হওয়ায় লক্ষ্যমাত্রা (৭৪জন শিশু) পুরণে তৎপরতা জোড়দার করা যেতে পারে। | ০-৪৫ দিনে জন্ম নিবন্ধন লক্ষ্যমাত্রা পূরণে তৎপরতা জোড়দার করতঃ ০২(দুই) জন কর্মচারী বাড়ি বাড়ি গিয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। সেনেটারী ইন্সঃ |
| ৮ | ছ) পূর্ত, বিদ্যুৎ ও যান্ত্রিক শাখা | এডিপি সহ কয়েকটি প্রজেক্ট এর বিভিন্ন উন্নয়ন মূলক কাজ চলমান/প্রক্রিয়াধীন থাকায় সে বিষয়ে গুরুত্ব আরোপ সহ ব্যাপক আলোচনা ও প্রকল্প সাইটে প্রতিবন্ধকতা দূরীকরণের জন্য উপযোগী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। উক্ত প্রকল্পের চলমান বিল প্রদান, নতুন রাস্তা- ড্রেণ নির্মাণ ও মেরামত , বৈদ্যুতিক লাইন সচল রাখা ও বাতি নিভানো, এবং যানবাহন সচল রাখা বিষয়ে আলোচনা। | চলমান এডিপি ও অন্যান্য উন্নয়ন মূলক কাজ সিডিউল/ড্রয়িং মোতাবেক বাস্তবায়ন, বৈদ্যুতিক লাইনের বাতি সময়মত নিভানোর জন্য এবং অবৈধ লাইন সংযোগ বিচ্ছিন্নকরণের জন্য কয়েকজনকে দায়িত্ব প্রদান ও যানবাহন সচল রাখা এবং বাস্তবায়নকৃত কাজের বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। সহঃ প্রকৌশলী |
| ৯ | জ) পানি সরবরাহ শাখা | বিভিন্ন পাম্পের ব্যবহারকৃত বৈদ্যুতিক মিটারের বিলের বিষয়ে মাসিক সভায় উপস্থাপন করতঃ আলোচনা নেয়া যেতে পারে। পানির বকেয়া বিল ও পানির লাইনের লিকেজ মেরামত ও বিল প্রদান বিষয়ে আলোচনা। এছাড়ও পানির অপচয় রোধ বিষয়ে আলোচনা। | পানির পাম্পের নিয়মিত বৈদ্যুতিক বিল প্রদান সহ পানির গ্রাহকের বকেয়া বিল উত্তোলন এবং পানির লাইনের লিকেজ মেরামত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। সহঃ প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | বিবিধ | ক) আম বাগান ইজারা বিজ্ঞপ্তি/১৪৩২-১৪৩৪ বাংলা সংক্রান্ত আলোচনা করা যেতে পারে।<br><br>খ) পৌরসভা কর্তৃক গৃহীত সকল প্রকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কমিটি গঠন সংক্রান্ত আলোচনা। | ক) রহনপুর পৌরসভাধীন আম বাগান সমূহ সরকার কর্তৃক আরোপিত শর্ত মোতাবেক বাংলা ১৪৩২ হতে ১৪৩৪ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত তিন বছরের মেয়াদে টোল আদায়ের নিমিত্তে ইজারা বন্দোবস্ত প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>খ)বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার গত ১৯/০২/২০২৫ ইং তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৬৩.২২.০০০১.২৫-১১৪, আলোকে পৌর নির্বাহী কর্মকর্তা, | ১। পৌর প্রশাসক<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা<br>৩। প্রধান সহঃ |

[signature]

| | | | | |
|---|---|---|---|---|
| | | | রহনপুর পৌরসভা, আহবায়ক ও প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা গঠিত কমিটির ০৩(তিন) জন সদস্য ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোমস্তাপুর, সদস্য<br>২। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গোমস্তাপুর, সদস্য<br>৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা ,গোমস্তাপুর থানা, চাঁপাইনবাবগঞ্জ, সদস্য কে নির্ধারণ করে ও অন্যান্য সদস্যদের অপরিবর্তিত রেখে পূর্নাঙ্গ কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | গ) পৌরসভার সিএজি গাড়ি ভাড়া প্রদান সংক্রান্ত আলোচনা। | গ) পৌরসভায় রক্ষিত সি,এন,জি গাড়ী ভাড়া প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | ঘ) প্রকল্প পরিবর্তন সংক্রান্ত আলোচনা করা যেতে পারে। | ঘ) ১। বাবুরঘোন মেইন রাস্তা হতে নুরুলের বাড়ি পর্যন্ত সিসি রাস্তা কাজ পরিবর্তন করে- রহনপুর উত্তরা সরকারী প্রাঃ বিদ্যালয়ের পাশের রাস্তা নির্মাণ কাজ।<br>২। ৬ নং ওয়ার্ড মকরমপুর খাঁন আজাহার আলী মদ্রসায় ০২টি পাবলিক টয়লেট নির্মাণ কাজ এর পরিবর্তে- উক্ত মদ্রোসার কলাম নির্মাণ কাজ। উল্লেখ্য উক্ত কাজের প্রাক্কলন একই থাকবে। | |
| | | ঙ) সিএনজি, ভ্যান, অটোরিক্সা সংক্রান্ত আলোচনা করা যেতে পারে। | ঙ) সিএজি, ভ্যান, অটোরিক্সা ইত্যাদি ব্যাপারে পুলিশ ফাঁড়িতে বসার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | চ) কোচিং সেন্টার, কিন্ডার গার্ডেন ও বেসরকারী স্কুল বিষয়ে আলোচনা করা যেতে পারে। | চ) কোচিং সেন্টার, কিন্ডার গার্ডেন ও বেসরকারী স্কুলকে পৌর ট্রাক্স এর আওতায় আনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ছ) পৌর এলাকায় মাইকিং বা প্রচার সংক্রান্ত আলোচনা করা যেতে পারে। | ছ) বেসরকারী ক্লিনিক এর মাইকিং /প্রচার এর নিয়ন্ত্রণ সহ ফি আদায় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | জ) মালামাল লোড-আনলোড সংক্রান্ত আলোচনা করা যেতে পারে। | জ) পৌর এলাকায় বিভিন্ন প্রকার মালামাল লোড-আনলোড করার ফি আদায় করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | ঝ) সার্ভেয়ার(চুঃভিঃ) এর কাছে রক্ষিত রশিদ বই জমা করণের বিষয়ে আলোচনা করা যেতে পারে। | ঝ) সার্ভেয়ার(চুঃভিঃ) এর নিকট রক্ষিত রশিদ বহি ষ্টোর কিপার এর নিকট জমা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয় ও অন্যান্য চুক্তিভিত্তিক কর্মচারীদের নিকট রশিদ বহি থাকলে তা ক্লোজড করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ঞ) পৌরসভার কর্মকর্তা-কর্মচারীর বকেয়া | ঞ) পৌরসভার কর্মকর্তা-কর্মচারীর প্রত্যেক | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বেতন সংক্রান্ত আলোচনা করা যেতে পারে। | জনের আলাদা আলাদা বকেয়া বেতন পরবর্তী সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | ট) পৌর এলাকার শেষ সীমানায় সীমানা ফলক স্থাপন সংক্রান্ত আলোচনা। | ট) পৌর এলাকায় ০৮টি সীমানা ফলক নির্মানের প্রাক্কলন পরবর্তী মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | ঠ) পৌরসভার সভাকক্ষ ইন্টেরিয় করণের বিষয়ে আলোচনা করা যেতে পারে। | ঠ) পৌরসভার সভাকক্ষ ইন্টেরিয় করণের সিদ্ধান্ত গৃহীত হয় ও পরবর্তী ০৩(তিন)মাসের মধ্যে উহা সমাপ্ত করা হবে মর্মে একমত পোষণ করা হয়। | |
| | | ড) হোল্ডিং ট্যাক্স আদায় সংক্রান্ত আলোচনা করা যেতে পারে। | ড) হোল্ডিং ট্যাক্স দ্বিগুন(ডাবল) করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০২/২৫

(নিশাত আনজুম অনন্যা)
সভাপতি
পৌর কর্মসম্পাদন কমিটি
রহনপুর পৌরসভা
ও
প্রশাসক
রহনপুর পৌরসভা
চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- রহঃ/পৌর ঃ ৭৭/১(২০)

তারিখ ঃ ২৬/০২/২০২৫

অনুলিপি সদয় অবগতিঃ

১) সচিব মহোদয়,
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃআঃ- উপ-সচিব, (পৌর-১শাখা),স্থানীয় সরকার বিভাগ।

২) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
দৃঃ আঃ উপ-পরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে

১) জনাব/জনাবা.............................................................................সদস্য, পৌর কর্মসম্পাদন কমিটি, রহনপুর পৌরসভা।
২) অফিস নথি।

(মোহাঃ খাইরুল হক)
পৌর নির্বাহী কর্মকর্তা
রহনপুর পৌরসভা
চাঁপাইনবাবগঞ্জ।